

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪১৪ বাং/২৭ নভেম্বর ২০০৭ খ্রিঃ

এস, আর, ও নং ২৬৯-আইন/২০০৭/শ্রম/শা-৬/বিবিধ-১২/২০০৭।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, নিম্ন তফসিলে বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে উক্ত আইনের ধারা ১০০, ১০১, ১০২ ধারা ১০৩ এর দফা (ক), ধারা ১০৫ এবং ধারা ১১৪ এর বিধানাবলী হইতে ১৫-১০-২০০৭ খ্রিস্টাব্দ হইতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

- (ক) উক্ত মেয়াদে কর্মরত কোন শ্রমিক সাপ্তাহিক ছুটি ভোগ না করিয়া থাকিলে তৎপরিবর্তে তাহাকে উক্ত মেয়াদ শেষ হইবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে ক্ষতিপূরণমূলক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে; এবং
- (খ) উক্ত মেয়াদে অতিরিক্ত সময়ের কাজের জন্য প্রত্যেক শ্রমিককে সাধারণ হারের দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।

(৮৫১৩)

মূল্য : টাকা ২.০০

তফসিল

ক্রমিক নং	চিনিকলের নাম	জেলা
(১)	পঞ্চগড় চিনিকল লিঃ	পঞ্চগড়
(২)	ঠাকুরগাঁও চিনিকল লিঃ	ঠাকুরগাঁও
(৩)	সেতাবগঞ্জ চিনিকল লিঃ	দিনাজপুর
(৪)	শ্যামপুর চিনিকল লিঃ	রংপুর
(৫)	জয়পুরহাট চিনিকল লিঃ	জয়পুরহাট
(৬)	রাজশাহী চিনিকল লিঃ	রাজশাহী
(৭)	নাটোর চিনিকল লিঃ	নাটোর
(৮)	নর্থ বেংগল চিনিকল লিঃ	নাটোর
(৯)	কুষ্টিয়া চিনিকল লিঃ	কুষ্টিয়া
(১০)	মোবারকগঞ্জ চিনিকল লিঃ	ঝিনাইদহ
(১১)	কেরা এন্ড কোং (বাংলাদেশ) লিঃ	চুয়াডাঙ্গা
(১২)	ফরিদপুর চিনিকল লিঃ	ফরিদপুর
(১৩)	জিলবাংলা চিনিকল লিঃ	জামালপুর
(১৪)	পাবনা চিনিকল লিঃ	পাবনা
(১৫)	রংপুর চিনিকল লিঃ	গাইবান্ধা

২। এই প্রজ্ঞাপন ৩০ আশ্বিন, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৫ অক্টোবর, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

অমিত কুমার বাউল
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।